

স্মারক নম্বর: ৪৬.০২.০০০০.৩১২.৯৯.০০২.২২.২১

তারিখ: ২৫ কার্তিক ১৪২৯

১০ নভেম্বর ২০২২

বিষয়: ই-নথি সিস্টেম বাস্তবায়নের মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম পরিচালন প্রসঙ্গে।

সূত্র: ১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩

২. স্মারক নম্বর: ৪৬.০২.০০০০.৬১১.১৮.০০১.১৬.১৫, তারিখ: ০৯ই এপ্রিল ২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা কার্যক্রম ১.৩ এর কর্মসম্পাদন সূচক ১.৩.১ মোতাবেক ই-ফাইলে নোট নিষ্পত্তি করার নির্দেশনা রয়েছে (সূত্র – ০১)। বিগত ০৯/০৪/২০১৯ তারিখে ই-নথি সিস্টেম বাস্তবায়নের মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম পরিচালন করার লক্ষ্যে একটি পত্র প্রেরণ করা হয়েছিল (সূত্র – ০২)। কিন্তু বর্তমানে ই-নথি ব্যবহারের কোন উল্লেখযোগ্য অগ্রগতি লক্ষ্য করা যাচ্ছে না।

এমতাবস্থায়, ই-নথি পদ্ধতিতে কার্যক্রম পরিচালনার লক্ষ্যে এখন থেকে এলজিইডি'র সকল কার্যালয়ে নিম্নলিখিত সাত (০৭) টি বিষয়ের কার্যক্রম ই-নথি সিস্টেম পরিচালন করার জন্য নির্দেশ প্রদান করা হলোঃ

- বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন সংক্রান্ত নথিসমূহ,
- দরপত্র উন্মুক্তকরণ ও দরপত্রের বৈধতার সময়সীমা বৃদ্ধিকরণ সংক্রান্ত নথিসমূহ,
- প্রকল্প মনিটরিং ও মূল্যায়ন ইউনিটে প্রকল্পের অগ্রগতির প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত নথিসমূহ,
- কর্মকর্তাদের মাঠ পরিদর্শনের রিপোর্ট প্রেরণ সংক্রান্ত নথিসমূহ,
- বিভিন্ন সভা আহ্বান সংক্রান্ত নথিসমূহ ও সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত নথিসমূহ.
- NOC/GO/ছুটি/ভ্রমণের আবেদন সংক্রান্ত নথিসমূহ।
- Website ও Tender এর বিজ্ঞপ্তি প্রকাশ সংক্রান্ত নথিসমূহ।

উল্লেখ্য যে, সকল কার্যালয়ে বর্ণিত সাতটি বিষয়ের নথি আগামী ৩০ নভেম্বর, ২০২২ তারিখের পর হতে ই-নথি ছাড়া গ্রহণযোগ্য হবে না। এছাড়া, পর্যায়ক্রমে সকল নথি ই-নথি সিস্টেমে পরিচালন করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় সহায়তার জন্য এলজিইডি'র আইসিটি ইউনিটে কর্মরত সিস্টেম এনালিস্ট জনাব প্রশান্ত কুমার কবিরাজ, (মোবাইলঃ ০১৭১৭৭৩৬৫৭৪) এবং সিনিয়র সহকারী প্রকৌশলী জনাব রকিবুল হাসান (মোবাইলঃ ০১৭১৭৮১৩৯১৮) এর সাথে যোগাযোগ করা যাবে।

১০-১১-২০২২

শেখ মোহাম্মদ মহসিন

প্রধান প্রকৌশলী

ফোন: +৮৮-০২-৫৮১৫২৮০২

ফ্যাক্স: +৮৮-০২-৪৪৮২৬২৬৫

ইমেইল: ce@lged.gov.bd

প্রতি:

১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (সকল), সদর দপ্তর

২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (সকল বিভাগ)

৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (সকল), সদর দপ্তর

৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (সকল অঞ্চল)

৫) প্রকল্প পরিচালক, (সকল)

৬) নির্বাহী প্রকৌশলী, (সকল জেলা)

৭) উপজেলা প্রকৌশলী, (সকল উপজেলা)

স্মারক নম্বর: ৪৬.০২.০০০০.৩১২.৯৯.০০২.২২.২১/১(১২)

তারিখ: ২৫ কার্তিক ১৪২৯
১০ নভেম্বর ২০২২

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো)

২) এলজিইডি ইনোভেশন টিম (সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো)



১০-১১-২০২২

মোঃ জসিম উদ্দিন

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও

ইনোভেশন অফিসার